# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪১৮৩

পর্ব ২১: খাদ্য (كتاب الأطعمة)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ

الْفَصْلُ الْأَوَّلُ

## আরবী

وَعَنْ جَابِرٌ أَنَّ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ سَأَلَ أَهْلَهُ الْأُدْمَ. فَقَالُوا: مَا عِنْدَنَا إِلَّا خَلٌّ فَدَعَا بِهِ فَجَعَلَ يَأْكُلُ بِهِ وَيَقُولُ: «نِعْمَ الْإِدَامُ الْخَلُّ نِعْمَ الْإِدَامُ الْخَلُّ» . رَوَاهُ مُسلم

## বাংলা

৪১৮৩-[২৫] জাবির (রাঃ) হতে বর্ণিত। একদিন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নিজ পরিবারের নিকট তরকারী চাইলেন, তারা বললেনঃ আমাদের কাছে সিরকা ব্যতীত আর কিছুই নেই। তখন তিনি তা চেয়ে নিলেন এবং তা দ্বারা রুটি খেতে লাগলেন, আর বললেন, সিরকা উত্তম তরকারী, সিরকা উত্তম তরকারী। (মুসলিম)[1]

## ফুটনোট

[1] সহীহ : মুসলিম (২০৫১)-১৬৪, নাসায়ী ৩৭৯৬, তিরমিযী ১৮৪১, ইবনু মাজাহ ৩৩১৬, ৩৩১৭; সিলসিলাতুস্ সহীহাহ্ ২২২০, আবূ দাউদ ৩৮২০, সহীহুল জামি‘ ১১৭১৪, সহীহ আত্ তারগীব ওয়াত্ তারহীব ২১২৪, দারিমী ২০৪৮, আল মু‘জামুল কাবীর লিত্ব ত্ববারানী ১১১৭৬, আল মু‘জামুল কাবীর লিত্ব ত্ববারানী ১০৩৭।

## ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (نِعْمَ الْإِدَامُ الْخَلُّ) “সিরকা উত্তম তরকারী”। খত্ত্বাবী (রহিমাহুল্লাহ) বলেনঃ অত্র হাদীসে খাবারের ক্ষেত্রে মধ্যম পথ গ্রহণ করাকে প্রশংসা করা হয়েছে। ইমাম নাবাবী (রহিমাহুল্লাহ) বলেনঃ যা সংগ্রহ করা কঠিন নয় এবং খরচও কম তা সিরকার মতই প্রশংসনীয়। এ হাদীস থেকে এটাও জানা গেল যে, কোন ব্যক্তি যদি শপথ করে যে, সে তরকারী খাবে না, এরপর সিরকা খেল তাহলে তার শপথ ভঙ্গ হয়ে যাবে। কেননা সিরকা তরকারীর অন্তর্ভুক্ত।

(মিরক্বাতুল মাফাতীহ; শারহুন নাবাবী ১৪শ খন্ড, হাঃ ২০৫২, তুহফাতুল আহ্ওয়াযী ৫ম খন্ড, হাঃ ১৮৩৯৬)

নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সিরকার প্রশংসা করেছেন এজন্য যে, তা ব্যয়বহুল নয় এবং এতে স্বল্পে সন্তুষ্টির পরিচায়ক। ইবনু মাজার এক বর্ণনাতে আছে যে, ‘‘সিরকা নবীদের তরকারী।’’ (‘আওনুল মা‘বূদ ৬ষ্ঠ খন্ড, হাঃ ৩৮১৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=74906

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন